Rape Law Reform Coalition

# ধর্ষণ আইন সংস্কার জোট

২৮ এপ্রিল ২০২৫

## প্রেস বিজ্ঞপ্তি

### শেখেরটেকে ধর্ষণ অপরাধের ভুক্তভোগী তরুণীর রহস্যজনক মৃত্যুঃ সুষ্ঠু তদন্ত এবং দায়ী ব্যক্তিদের দ্রুত আইনের আওতায় এনে ন্যায় বিচার নিশ্চিতের দাবী জানাচ্ছে ধর্ষণ আইন সংস্কার জোট

গত ২৬ এপ্রিল ২০২৫ তারিখে জুলাই আন্দোলনে শহীদ ব্যক্তির ১৭ বছর বয়সী কন্যা শেখেরটেক নিজ বাসভবনে রহস্যজনকভাবে মৃত্যুবরণ করেন। এ মর্মান্তিক ঘটনায় আমরা নিহতের শোকার্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানাচ্ছি। একইসাথে রহস্যজনক এ মৃত্যুর সুষ্ঠু তদন্ত ও দায়ী ব্যক্তিদের দ্রুত আইনের আওতায় এনে ন্যায় বিচার নিশ্চিত করা এবং নিহতের পরিবারের নিরাপত্তা নিশ্চিতের জোর দাবী জানাচ্ছে ধর্ষণ আইন সংস্কার জোট।

বিভিন্ন সংবাদ মাধ্যমে প্রকাশিত প্রতিবেদন হতে জানা যায় যে, নিহত এ কন্যার উপর গত ১৮ মার্চ একটি সংঘবদ্ধ ধর্ষণ অপরাধ সংঘটিত হয়েছিল। পরবর্তীতে ২০ মার্চ ভুক্তভোগীর দায়ের করা মামলায় এজাহারভুক্ত দুই আসামিকে গ্রেফতার করা হয়। পরবর্তীতে আদালতের মাধ্যমে তাদের যশোর শিশু সংশোধনাগারে পাঠানো হয়। এ বিষয়ে পটুয়াখালীর দুমকি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা জানান, আটককৃত দুই আসামিই আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছে। মামলার তদন্ত চলছে, দ্রুত অভিযোগপত্র দেওয়া হবে।

উল্লেখ্য যে, রহস্যজনক মৃত্যুর এ ঘটনাকে সংশ্লিষ্ট পুলিশ প্রাথমিকভাবে আত্মহত্যাজনিত কারণে মৃত্যু বলে উল্লেখ করলেও, পরবর্তীতে তদন্ত সাপেক্ষে মৃত্যুর প্রকৃত কারণ জানা সম্ভব বলে জানিয়েছেন পুলিশ। জোটের মতে, প্রকৃত সত্য উদঘাটনের লক্ষ্যে পূর্বে সংঘটিত ধর্ষণ অপরাধের সাথে এ মৃত্যুর ঘটনার সংযোগসহ সার্বিক ঘটনার পুঙ্খানুপুঙ্খ, নিরপেক্ষ ও দ্রুত তদন্ত অপরিহার্য।

এমতাবস্থায়, মর্মান্তিক এ মৃত্যুর ঘটনার দ্রুত, সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্তপূর্বক দায়ী ব্যক্তিদের দ্রুত আইনের আওতায় এনে ন্যায় বিচার নিশ্চিত করা এবং নিহতের পরিবারের নিরাপত্তা নিশ্চিতের জোর দাবী জানাচ্ছে ধর্ষণ আইন সংস্কার জোট।

প্রয়োজনে যোগাযোগ করুন
ধর্ষণ আইন সংস্কার জোট এর সচিবালয়ের পক্ষে
কমিউনিকেশন বিভাগ, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)
ই-মেইল: communication@blast.org.bd

Acid Survivors Foundation · actionaid · blast ব্লাস্ট · Bangladesh Mahila Parishad · BNWLA · brac · care · icddr,b · Justice for All Now · Manusher Jonno Foundation · নারীপক্ষ · WE CAN Bangladesh · Women for Women International · YWCA